

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা
fisheries.khulnadiv.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩০৪.৪২.০০১.২২.৬০৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে
অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ।

উল্লিখিত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা
কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার
কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।



৩০-০৭-২০২৩
মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।



সকল সংযুক্তিসমূহ:

(১) GRS Stakeholder

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে
স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি- মোঃ জাহাঙ্গীর আলম, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
সভার স্থান- সভাকক্ষ, উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, বাগেরহাট
তারিখ- ২৬/০৭/২০২৩খ্রি.
সময়- সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারদের সভার কাজ আরম্ভ করেন। তিনি দাপ্তরিক সেবাসমূহকে সহজে স্টেকহোল্ডারদের কাছে পৌঁছে দিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অভিযোগের প্রকৃতি	অভিযোগের ক্ষেত্রে নিম্নোক্ত তিন ধরনের অভিযোগ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ক. নাগরিক অভিযোগ: কোন নাগরিক অত্র দপ্তর কর্তৃক প্রতিশ্রুত সেবাসমূহ থেকে বঞ্চিত হলে বা সেবা প্রদান পদ্ধতি সংক্রান্ত বিষয়ে অসন্তুষ্টি থাকলে, তাকে আবেদনের মাধ্যমে অভিযোগ দাখিল করতে হবে। খ. অভ্যন্তরীণ অভিযোগ: অত্র দপ্তর বা এর আওতাধীন দপ্তরসমূহে কর্মরত কর্মচারীগণ বা অবসরপ্রাপ্ত কর্মচারীগণ তার প্রাপ্য যে কোন সেবা, আর্থিক সুবধাদি সংক্রান্ত বিষয়ে অসন্তুষ্টি থাকলে, তাকে আবেদনের মাধ্যমে অভিযোগ দাখিল করতে হবে। গ. প্রাতিষ্ঠানিক অভিযোগ: অত্র দপ্তরের যে কোন প্রতিশ্রুত সেবা বা সেবা প্রদান পদ্ধতি সংক্রান্ত অন্য কোন দপ্তরের প্রশ্ন বা অসন্তুষ্টি থাকলে তা প্রাতিষ্ঠানিক অভিযোগ হিসেবে বিবেচিত হবে।	উপপরিচালক / জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা /খামার ব্যবস্থাপক।
২	অনিক ও আপিল কর্মকর্তা এর কার্য পরিধি	অনিক ও আপিল কর্মকর্তা এর কার্যপরিধি বিষয়ক বিস্তারিত আলোচনা হয় এবং সকল দপ্তরের অনিক ও আপিল কর্মকর্তার নাম, পদবী, মোবাইল নম্বরসহ সকল তথ্য আবশ্যিকভাবে আপলোড করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হলো।	উপপরিচালক / জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা /খামার ব্যবস্থাপক।
৩	অভিযোগ দাখিল পদ্ধতি	সরাসরি এবং অনলাইনে অর্থাৎ ই নথি এবং www.grs.gov.bd এর মাধ্যমে অভিযোগ দাখিল পদ্ধতি বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়। অভিযোগ নিষ্পত্তি যথাসময়ে বিধিমোতাবেক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক / জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা / খামার ব্যবস্থাপক।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহাঙ্গীর আলম)

পরিচিতি নম্বর ০০২২০

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর

খুলনা বিভাগ, খুলনা

ফোন-০২৪৭৭৭০১০১৯(অ)

ddkhulna@fisheries.gov.bd